রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ১২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২১, ২০২৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৬৩—১৬৬ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৭৭—৩৯৫ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৭৭—২৯১ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

মানব সম্পদ শাখা-১

### শোক প্রস্তাব

তারিখ: ২৪ কার্তিক ১৪৩০/৯ নভেম্বর ২০২৩

নং ১১.০০.০০০০.৮০৩.৪৫.১৮৪.১৭-৬৮২—বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের পরিচালক (গণসংযোগ) লাবণ্য আহমেদ, ব্লাড ক্যান্সার রোগে আক্রান্ত হয়ে কোলকাতায় অবস্থিত টাটা মেডিকেল সেন্টার-এ চিকিৎসাধীন অবস্থায় গত ০৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/ ২৫ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ রোজ বুধবার দুপুর ০২.০০ ঘটিকায় মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। লাবণ্য আহমেদ একজন সৎ, কর্তব্যপরায়ণ ও নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি ০৩ (তিন) সন্তানসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখেগেছেন।

০৩। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় লাবণ্য আহমেদ-এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা করছে এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

কে, এম,আব্দুস সালাম
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন অধিশাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ কার্তিক ১৪৩০/০৭ নভেম্বর ২০২৩

নং ৪৭.৬১.০০০০.০৩২.০৬.০৮৬.১৬.৫৯৭—বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা কমিটির শূন্যতা নিরসন, ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম সম্পাদন ও ব্যাংকের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করার নিমিত্ত নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণ এবং ভোটার তালিকা হালনাগাদকরণের লক্ষ্যে নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরের প্রস্তাব মোতাবেক জনস্বার্থে সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পরিচালনার জন্য সমবায় সমিতি আইন, ২০০১, (সংশোধিত ২০০২ এবং ২০১৩)-এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে একই আইনের ধারা ১৮(৫) ও ১৮ (৭) এর বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান করে বিদ্যমান অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ হতে ০১ (এক) বছর বৃদ্ধি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মাহবুব আলম**
উপসচিব।

---

**স্থানীয় সরকার বিভাগ**
**জেলা পরিষদ শাখা**

**শোকবার্তা**

তারিখ:১৭ কার্তিক ১৪৩০/০২ নভেম্বর ২০২৩

নং ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(১)-২১৩১—ঠাকুরগাঁও জেলা পরিষদের চেয়ারম্যান জনাব মুহাম্মদ সাদেক কুরাইশী গত ২৪-১০-২০২৩ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) । তিনি তাঁর উপর অর্পিত দায়িত্ব পালনে সদা সচেষ্ট ছিলেন।

২। স্থানীয় সরকার বিভাগ ঠাকুরগাঁও জেলা পরিষদের চেয়ারম্যান জনাব মুহাম্মদ সাদেক কুরাইশী এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার মাগফিরাত কামনা করছে এবং মরহুমের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**মুহাম্মদ ইব্রাহিম**
সচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ কার্তিক ১৪৩০/০৫ নভেম্বর ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩৯.২৩-৪৩৫—যেহেতু জনাব মোঃ হানিফ সিকদার, বিপি-৭২৯১০৮৬১৩৫, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), সিআইডি, পটুয়াখালী জেলা ইতো পূর্বে বরগুনা জেলার পাথরঘাটা থানায় অফিসার ইনচার্জ হিসেবে কর্মরত থাকাকালীন ২৪-০৫-২০১৯ তারিখ অভিযোগকারীর লায়লা আক্তার পপিকে ০২ টি বাচ্চাসহ তার স্বামীর বাড়ী হতে বের করে দেয়ার ঘটনায় তিনি কোন আইনগত সহায়তা না করে উল্টো অভিযোগকারীর প্রতিপক্ষকে সহযোগিতা করেন। অভিযোগকারীকে তার স্বামীর বাড়ি হতে নামিয়ে দেয়ার সময় উভয়পক্ষের মধ্যে মারামারি হলে অভিযোগকারীর একাধিক আত্মীয় স্বজন আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়। উক্ত ঘটনায় অভিযোগকারী থানায় মামলা করতে গেলে তিনি তার মামলা গ্রহণ না করে প্রতিপক্ষের মামলা গ্রহণ করেন। পরবর্তীতে অভিযোগকারী নিরুপায় হয়ে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত নং-৩ পাথরঘাটা, বরগুনায় অভিযোগদায়ের করলে বিজ্ঞ আদালতের আদেশে বরগুনা জেলার পাথরঘাটা থানার মামলা নং-০৮ তারিখ:১১-০৪-২০১১ ধারা-১৪৩/৪৪৭/৩৭৯/৪৪৮/৩২৩/৩২৬/৩০৭/৫০৬(২) রুজু করতে বাধ্য হন। তিনি অফিসার ইনচার্জ হিসেবে অভিযোগকারীকে আইনগত সহায়তা না করে এবং তাৎক্ষণিক প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে পক্ষপাতমূলক আচরণ করেন। তিনি কার্যবিধি আইনের ১৫৪ ধারা মোতাবেক যে কোন ধর্তব্য অপরাধ থানায় নিয়মিত মামলা হিসেবে রুজু করতে বাধ্য থাকা সত্ত্বেও অভিযোগকারীর মামলাটি থানায় রেকর্ড না করার অভিযোগে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক “০২ (দুই) বছরের জন্য ০১ টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত” দণ্ড প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুদ্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ১১-০৬-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপর দিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩।যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, জনাব মোঃ হানিফ সিকদার, বিপি,-৭২৯১০৮৬১৩৫, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), সিআইডি, পটুয়াখালী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক “০২ (দুই) বছরের জন্য ০১ বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত” এর দন্ড বহাল রাখা হলো।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং-৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৮৮.২২-৪৩৬—যেহেতু, জনাব মোঃ মোফাজ্জেল হোসেন (বিপি-৬৯৯৪০৭৬৩০৩),পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), পিবিআই, ঢাকা মেট্রো, উত্তর এ কর্মরত ইতঃপূর্বে অফিসার ইনচার্জ, পাংশা থানা রাজবাড়ী জেলায় কর্মকালে জনাব মোঃ জিল্লুল হাকিম (এমপি, রাজবাড়ী-২) এবং জনাব দিনা আক্তার (এডভোকেট, ঢাকা জর্জ কোর্ট) দ্বয় কর্তৃক অভিযুক্ত পুলিশ পরিদর্শক এর বিরুদ্ধে আনীত অভিযোগ দুটির একটিও প্রমাণিত হয়নি। তবে অভিযোগের কিছু দিন পূর্বে (স্বাক্ষীদের তারিখ মনে নাই) অভিযুক্ত পুলিশ পরিদর্শক এর নির্দেশে কোন প্রকার মামলা কিংবা গ্রেফতারী পরোয়ানা ব্যতীত এসআই আবু শহীদ সঙ্গীয় ফোর্সসহ রাত অনুমান ০৮.০০ ঘটিকার সময় পাংশা থানাধীন দত্ত মাঝাইল গ্রাম থেকে মোট ১২ জন ব্যক্তিকে অন্যায়ভাবে আটক করে থানায় নিয়ে যান। অতঃপর উক্ত বিষয়ে জিডি লিপিবদ্ধ বা কোন প্রকার আইনগত ব্যবস্থা গ্রহণ না করে তাদেরকে ছেড়ে দেন। ১২ জন ব্যক্তিকে অন্যায়ভাবে আটক করে পুলিশি হয়রানি করার দায় দায়িত্ব অফিসার ইনচার্জ হিসেবে তাঁর উপর বর্তায়। তার এহেন কার্যকলাপ ক্ষমতার অপব্যবহার, কর্তব্য কর্মে অবহেলা ও অসদাচারণ প্রতীয়মান হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২ (খ) মোতাবেক লঘু দণ্ড হিসেবে “০২ (দুই) বছরের জন্য ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত” এর দণ্ড প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুদ্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ০১-০৮-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি

অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপর দিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, (বিপি-৬৯৯৪০৭৬৩০৩), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র),পিবিআই, ঢাকা মেট্রো উত্তর-কে সরকারি কর্মচারী (শৃলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক "০২ (দুই) বছরের জন্য ০১ টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" লঘুদণ্ডের আদেশ বহাল রাখা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৮৪.২২-৪৩৭—যেহেতু জনাব দুলাল মাহমুদ (বিপি-৭০৯৫০৬০৪১০),অফিসার ইনচার্জ, কর্ণফুলী থানা, সিএমপি, চট্টগ্রাম ইতঃপূর্বে অফিসার ইনচার্জ, আনোয়ারা থানা, চট্টগ্রাম জেলায় কর্মকালে ১৫.০৭.২০১৯ তারিখ দৈনিক যায় যায় দিন" পত্রিকার ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে অভিযুক্ত পুলিশ পরিদর্শক জনাব দুলাল মাহমুদ এর ছবিসহ শুভেচ্ছা বার্তা প্রকাশ করা হয়। এরূপ শুভেচ্ছা বার্তা প্রকাশ করানোর পূর্বে তিনি আইন শৃঙ্খলা বাহিনীর সদস্য হিসেবে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করেননি বা বর্ণিত শুভেচ্ছা বার্তা প্রকাশের পর বিষয়টি সম্পর্কে অভিযুক্ত পুলিশ পরিদর্শক অবগত হওয়া সত্ত্বেও পত্রিকা কর্তৃপক্ষকে কোনরূপ রিজয়েন্ডার বা প্রতিবাদ লিপি প্রদান করেননি। অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক বিধি বহির্ভূত কার্যক্রম সংঘটিত হওয়ার প্রেক্ষিতে প্রয়োজনীয় বিধিসম্মত কোন কার্যক্রম গ্রহণ না করার অভিযোগে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ২ (খ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে "০২ (দুই) বছরের জন্য ১ টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ড প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ১১-০৬-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপর দিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু,আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড মাত্রাতিরিক্ত হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, জনাব দুলাল মাহমুদ (বিপি-৭০৯৫০৬০৪১০), অফিসার ইনচার্জ কর্ণফুলী থানা, সিএমপি, চট্টগ্রাম এর আপিল আবেদন এর সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং সার্বিক পর্যালোচনা করে পুলিশ অধিদপ্তর কর্তৃক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক " ০২ (দুই) বছরের জন্য ১ টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা'র দণ্ডাদেশ মাত্রারিতরিক্ত প্রতীয়মান হওয়ায় দণ্ডাদেশ হ্রাস করে একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক "তিরস্কার" লঘুদণ্ডের আদেশ প্রদান করা হলো।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০০৫.২৩-৪৩৮—যেহেতু, জনাব প্রভাস চন্দ্র ধর (বিপি-৭৪০২০৫৮৩১৬), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-১, ঢাকা ইতঃপূর্বে কক্সবাজার জেলার রামু থানায় অফিসার ইনচার্জ হিসেবে কর্মরত থাকাকালীন তিনি গত ১৪-০৫-১৭ তারিখ দিবাগত রাতে রামু থানাধীন পানিরছড়া জেটির রাস্তার মুখে উপস্থিত থেকে তার সঙ্গীয় ফোর্স এসআই মুকিবল হোসেন, এসআই বিল্লাল হোসেন, এসআই মোতাহের হোসাইন, কং/৬৮১ মোঃ আতাউর রহমান ও কং/৮৭০ আলাউদ্দীন অভিযোগকারী হামিদা বেগমের স্বামী সফিউল আলমের ভাই যথাক্রমে (ক) মোঃ কাবুল, পিতা-সুলতান আহম্মেদ, সাং-জেটির রাস্তা, ০৮ নং ওয়ার্ড, রশিদ নগর ও (খ) বদিউল আলম, পিতা-মৃত জেবর মল্লুক, সাং-বড় রাস্তা ধলিরছড়া, ০৩ নং ওয়ার্ড, রশিদ নগর ইউনিয়ন, উভয় থানা-রামু, জেলা-কক্সবাজার দ্বয়কে তাদের বসতবাড়ী থেকে গ্রেফতার করে ২৪ ঘন্টার অধিক সময় থানা হাজতে বেআইনীভাবে আটক রাখে। পরবর্তীতে ১৬-০৫-১৭ তারিখে জনাব প্রভাস চন্দ্র ধর (বিপি-৭৪০২০৫৮৩১৬) নিজে ছুটিতে গিয়ে রামু থানার সাবেক এসআই আবুল কালাম আজাদ (বর্তমানে পুলিশ পরিদর্শক, ইনচার্জ, হাজির হাট তদন্ত কেন্দ্র,লক্ষীপুর জেলা) কে টেলিফোনে নির্দেশ দিয়ে এসআই মকিবুল হোসেন (বর্তমানে জেলা গোয়েন্দা শাখা, বান্দরবান পার্বত্য জেলা) কে বাদী করে গ্রেফতারকৃতদের বিরুদ্ধে রামু থানার মামলা নং-২১(৫)১৭ ধারা-৩৯৯/৪০২ ও রামু থানার মামলা নং-২২(৫)১৭ ধারা-১৮৭৮ সনের অস্ত্র আইনের ১৯(এ)/১৯ (এফ) রুজু করার অভিযোগে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২ (ক) মোতাবেক 'তিরস্কার' দন্ড প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ১৯-০৬-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপর দিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু,আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। যেহেতু, জনাব প্রবাস চন্দ্র ধর (বিপি-৭৪০২০৫৮৩১৬) পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-১, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক প্রদত্ত "তিরস্কার" দণ্ড বহাল রাখা হলো।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ**
সিনিয়র সচিব।

---

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ১৩ কার্তিক ১৪৩০/২৯ অক্টোবর ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-১৪৩৭—যশোর জেলার অভয়নগর থানার মামলা নং-১৫/১১৬, তারিখ: ২০-০৫-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়,তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-১৪৩৮—চট্টগ্রাম জেলার কোতায়ালী থানার মামলা নং-৩৮ তারিখ: ২৯-০৫-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)-এর ৮/৯(৩) ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে ।

০২। এমতাবস্থায়,তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-১৪৩৯—ঢাকা জেলার বনানী থানার মামলা নং-৩১(০৩)২০২৩-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)-এর ৬(২)(ঈ)/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে ।

০২। এমতাবস্থায়,তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-১৪৪০—ঢাকা জেলার মোহাম্মদপুর থানার মামলা নং-২৫(১১)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)-এর ৮/৯(৩) ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে ।

০২। এমতাবস্থায়,তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-১৪৪১—ঢাকা জেলার রমনা মডেল থানার মামলা নং-০৬(০৯)২০২২-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)-এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে ।

০২। এমতাবস্থায়,তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-১৪৪২—ঢাকা জেলার খিলগাঁও থানার মামলা নং-০৫(০৬)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)-এর ৬(২) ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে ।

০২। এমতাবস্থায়,তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মফিজুল ইসলাম**
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশাবলি

তারিখ : ০৫ ফাল্গুন ১৪৩০/১৮ ফেব্রুয়ারি ২০২৪

নং ১০.০০.০০০০.১৩১.১১.১১৩.৭৯-৩০—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোহাম্মদ নুরুজ্জামান, জন্ম তারিখ : ০১-০৩-১৯৮৫ খ্রি. পিতা-মোঃ আব্দুস ছালাম, মাতা-জামিলা খাতুন, গ্রাম-কৈয়াদী, ডাকঘর-কৈয়াদী, উপজেলা-ভালুকা, জেলা-ময়মনসিংহ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার ০১ নং উথুরা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং ১০.০০.০০০০.১৩১.১১.০০২.১০-৩১—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব আনিসুর রহমান, জন্ম তারিখ : ২৪-০৫-১৯৯৬ খ্রি., পিতা-মোঃ আবু মুছা, মাতা-খোরশেদা বেগম, গ্রাম-ইছাপুর, ওয়ার্ড নং-০৭, ডাকঘর-ইছাপুর, উপজেলা-দাউদকান্দি, জেলা-কুমিল্লা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার ০৩নং বারপাড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।